

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৭৪

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/১১. নিকটের খাদ্য থেকে গ্রহণ

بَابِ الْأَكْلِ مِمَّا يَلِيكَ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا الْعَلاَءُ بْنُ الْفَصْلِ بْنِ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي السَّوِيَّةِ، حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عِكْرَاشٍ، عَنْ أَبِيهِ، عِكْرَاشِ بْنِ ذُوَيْبٍ قَالَ أُتِيَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - بِجَفْنَةٍ كَثِيرَةِ الثَّرِيدِ وَالْوَدَكِ فَأَقْبَلْنَا نَأْكُلُ مِنْهَا فَخَبَطْتُ يَدِي فِي نَوَاحِيهَا فَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ مَوْضِعٍ وَاحِدٍ فَإِنَّهُ طَعَامٌ وَاحِدٌ " . ثُمَّ أُتِينَا بِطَبَقٍ فِيهِ أَلْوَانٌ مِنَ الرُّطَبِ فَجَالَتْ يَدُ رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - فِي الطَّبَقِ وَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ مَوْضِعِ وَاحِدٍ " . ثُمَّ أُتِينَا بِطَبَقٍ وَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ مَوْضِعِ وَاحِدٍ " . ثُمَّ أُتِينَا بِطَبَقِ وَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ حَيْثُ شِئْتَ فَإِنَّهُ غَيْرُ لَوْنٍ وَاحِدٍ " .

#### বাংলা

২/৩২৭৪। ইকরাশ ইবনে যুআইব (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট প্রচুর সারীদ (মাংসের ঝোলে ভিজানো রুটি) ও চর্বি ভর্তি একটি পাত্র নিয়ে আসা হলো। আমরা সামনে অগ্রসর হয়ে তা আহার করতে লাগলাম। আমার হাত পাত্রের মধ্যে যত্রতিত্র সঞ্চালিত হতে থাকলে তিনি বলেনঃ হে ইকরাশ! এক জায়গা থেকে নিয়ে খাও। কারণ গোটা পাত্রে একই খাদ্য রয়েছে। অতঃপর আমাদের জন্য বিভিন্ন রকমের তাজা খেজুর ভর্তি আর একটি বড় পাত্র আনা হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাত পাত্রের সর্বত্র বিচরণ করতে লাগলো এবং তিনি বললেনঃ হে 'ইকরাশ! পাত্রের যেখান থেকে ইচ্ছা খাও। কারণ তাতে বিভিন্ন কিছিমের খাবার রয়েছে।

## **English**

It was narrated that 'Ikrash bin Dhu'aib said:

"The Prophet (ﷺ) was brought a bowl filled with Tharid and fatty meat, and we started to eat from it. My hand was wandering all over, so he said: 'O 'Ikrash, eat from one spot, for it is all the same food.' Then we were brought a plate on which were different kinds of fresh dates, and he hand of the



Messenger of Allah (ﷺ) went all around the plate. He said: 'O 'Ikrash, eat from wherever you want, for they are not all the same.'"

## ফুটনোট

তিরমিয়ী ১৮৪৮, যইফাহ ৫০৯৮।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আল-আলা ইবনুল ফাদল বিন আবদুল মালিক বিন আবুশ সাবিয়াহ সম্পর্কে আবুল হাসান ইবনুল কান্তান বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। ইমাম যাহাবী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৮২, ২১/৪৫৪ নং পৃষ্ঠা) ২. উবায়দুল্লাহ বিন ইকরাশ সম্পর্কে আবুল ফারাজ ইবনুল জাওযী ও আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি একজন অপরিচিত শায়খ। আবু মুহাম্মাদ বিন হাযম বলেন, তিনি খুবই দুর্বল। তাহরীরুক তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৬৬৫, ১৯/১১৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইকরাশ ইবনু যুআয়ব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন